গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭-১৭৬ তারিখঃ ১৮/০৭/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ ১৭/০৭/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৭/০৭/২০১৭ খ্রিঃ তারিখে ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ কোয়ার্টারের ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন মূল্যায়নের নিমিত্ত অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-১ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-৩ পাতা।

১৮/০৭/১৭

(ড. শেখ হারুনুর রশিদ আহমদ)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-২/ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (অ: দা:), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক (অ: দা:), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক (অ: দা:), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপসচিব (প্রশাসন-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৬. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রানিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮. সিনিয়র সহকারী সচিব (আইসিটি),মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২০. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ১৭/০৭/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাকসুদুল হাসান খান<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১৭/০৭/২০১৭ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) বিগত ৩১/০৫/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত আলোচনা:**

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন লক্ষ্যমাত্রার বিপরীতে চতুর্থ কোয়ার্টার (এপ্রিল/২০১৭-জুন/২০১৭ পর্যন্ত) অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৫টি কৌশলগত উদ্দেশ্য এবং উক্ত উদ্দেশ্য বাস্তবায়নে ৫০টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত কার্যক্রম ও লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন বর্ণনা করা হয়েছে। অতপর তিনি কার্যক্রমসমূহের মধ্যে ২.৪ গাভীর বাছুর উৎপাদন বৃদ্ধি করা বিষয়ক কার্যক্রমে অর্জন কম, ২.৭ এক দিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন বিষয়ক কার্যক্রমে অর্জন বেশি, ২.৯ নতুন প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা পরিচালনায় বিষয়ক কার্যক্রমে অর্জন শুন্য, ২.১১ কেনডিডেট বুল তৈরী বিষয়ক কার্যক্রমে অর্জন বেশি এবং ৫.৯ নতুন খামার রেজিষ্ট্রেশন (গবাদিপশু)বিষয়ক কার্যক্রমে অর্জন বেশি দেখানো হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। উক্ত কার্যক্রমসমূহের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সংশ্লিষ্ট বিষয়ে দপ্তরসমূহের প্রতিনিধিগণ তাদের বক্তব্য/যৌক্তিকতা সভায় তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চতুর্থ কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত:**

১.১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদনে যে সব কার্যক্রম অর্জন কম/বেশি দেখানো হয়েছে এ বিষয়ে ব্যাখ্যা প্রদানসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৮/০৭/২০১৭
মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।